দৈনিক বাংলা দৈনিক বাংলা
তারিখ 02 APR 1992
পৃষ্ঠা ৮ কলাম ৭
৭২
44



# ভার্সিটির ত্রাস আবীর গ্রেপ্তার

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের একটি বিশেষ দল মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ত্রাস আবীরকে গ্রেপ্তার করেছে। তাকে পলাশীর মোড় থেকে গ্রেপ্তার করা হয়েছে।

(আটের পাতায় ৩-এর কঃ দ্রঃ)

## ভার্সিটির ত্রাস

(প্রথম পৃঃ পর)

এনামুল হক আবীর ঢাকা বিশ্ববিদ্যালয়ের জসীম উদ্দীন হলের একজন আবাসিক ছাত্র।

পুলিশ সূত্রে জানা গেছে ঃ আবীর ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েট এলাকায় দীর্ঘদিন ধরে সন্ত্রাসী কার্যকলাপে লিপ্ত রয়েছে। সে বিভিন্ন সময় বহিরাগত সন্ত্রাসীদের নিয়ে বিশ্ববিদ্যালয় এলাকায় অস্ত্রের মহড়া দান, জোরপূর্বক চাঁদা আদায় এবং বন্দুকযুদ্ধ পরিচালনা করতো। তার ভয়ে নিরীহ ছাত্ররা সব সময় শঙ্কিত থাকতেন। আবীর জসীমউদ্দীন হলের ছাত্র হওয়া সত্ত্বেও অস্ত্রধারী বহিরাগত সন্ত্রাসীদের নিয়ে সে জোরপূর্বক এস এম হলে অবস্থান করে সন্ত্রাসী কার্যকলাপ চালিয়ে যেত। ২৯ মার্চ জহরুল হক হল থেকে সন্ত্রাসী টোকনকে গ্রেপ্তা-রের প্রতিবাদে আবীরই অন্যান্য সন্ত্রাসীদের নিয়ে বিশ্ববিদ্যালয় এলাকায় আইন-শৃঙ্খলার পরিস্থিতির সৃষ্টি করে। তারা একটি গাড়িতে অগ্নিসংযোগ এবং কর্তব্যরত পুলিশের প্রতি গুলিবর্ষণ করে।

এই ব্যাপারে রমনা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।